

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)

www.techedu.gov.bd

এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩১.০০১.১৮.১১৫২

তারিখ: ১ আশ্বিন ১৪২৫

১৬ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: জুনিয়র ইনস্ট্রাক্টর (কম্পিউটার) জনাব মোঃ আব্দুর রাজ্জাক এর বিএসসি অনার্স ডিগ্রী অর্জনের অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: নওগাঁ টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-টিএসসি/নওগাঁ/৩২২ তারিখ: ০৩/০৬/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন নওগাঁ টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইনস্ট্রাক্টর (কম্পিউটার) জনাব মোঃ আব্দুর রাজ্জাক বিএসসি অনার্স ডিগ্রী অর্জনের অনুমোদনের জন্য আবেদন করেছেন।

২। তিনি আবেদন পত্রে উল্লেখ করেন যে, নওগাঁ টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-টিএসসি/নওগাঁ/পিএফ-১৭৯/৮৭ তারিখ: ২০/০২/২০১৪ খ্রিঃ মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতি চেয়ে স্ব-অর্থায়নে ছুটির দিনে/নৈশকালীন উচ্চতর ডিগ্রী অর্জনের জন্য এ অধিদপ্তরে আবেদন করেন এবং কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং এ ২০১২-২০১৩ সেশনে ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ঢাকা হতে ২০১৬ সনে বিএসসি অনার্স ডিগ্রী অর্জন করেন।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার নং-০৫.১১০.৯৯৯.০০.০০.০৮৫.২০০৯-৭২১ তারিখ: ২২ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ অফিস আদেশে উল্লেখ রয়েছে যে, চাকুরিরত অবস্থায় শিক্ষা/উচ্চ শিক্ষা গ্রহণের ক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। কর্তৃপক্ষে পূর্বানুমতি ব্যতিরেকে অর্জিত শিক্ষাগত সনদ (ডিগ্রী) দাপ্তরিক কাজে বিবেচনার জন্য গৃহীত হবে না এবং সংশ্লিষ্ট কর্মকর্তার পি.ডি.এস/সার্ভিস রেকর্ডে অন্তর্ভুক্ত করা যাবে না।

৪। এমতাবস্থায়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের বর্ণিত আদেশ মোতাবেক তাঁর আবেদন পত্রটি বিবেচনা করা সম্ভব নহে।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



১৬-৯-২০১৮

ড. মোঃ নূরুল ইসলাম
পরিচালক

অধ্যক্ষ, নওগাঁ টেকনিক্যাল স্কুল ও কলেজ, নওগাঁ।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩১.০০১.১৮.১১৫২/১

তারিখ: ১ আশ্বিন ১৪২৫

১৬ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২) জনাব মোঃ আব্দুর রাজ্জাক, জুনিয়র ইনস্ট্রাক্টর (কম্পিউটার), নওগাঁ টেকনিক্যাল স্কুল ও কলেজ, নওগাঁ।
- ৩) সংরক্ষণ নথি।



১৬-৯-২০১৮

মোহাম্মদ সাজ্জাদ মুফতী
সহকারী পরিচালক